

**শাহাপুর
বিদ্যালয় থেকে
পুলিশ ক্যাম্প
স্থানান্তরের দাবী**

চাটখিল উপজেলা সংবাদদাতা :
উপজেলাধীন শাহাপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়ে
স্থাপিত পুলিশ ক্যাম্পটি শিক্ষার্থীদের অস্বস্তি
এবং লেখাপড়া বিয়ের কারণ হয়ে
দাঁড়িয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে,
বছরাধিককাল আগে স্থাপিত উক্ত ক্যাম্পের
পুলিশ সদস্যদের ব্যবহারের জন্য বিদ্যালয়ে
৩টি কক্ষ বরাদ্দ দেয়ার কারণে শ্রেণীকক্ষ
স্বল্পতায় শ্রেণী কার্যক্রম বিঘ্নিত হচ্ছে।
বিদ্যালয় চলাকালীন আসামী ধরে ক্যাম্পে
আনা, পুলিশের গাড়ী বিদ্যালয় আঙ্গিনায়
প্রবেশ করা, পুলিশের লোকজনের
চলাফেরায় লেখাপড়ার পরিবেশ বিঘ্নিত হয়ে
দু'সহস্রাধিক ছাত্রছাত্রীর অপূরণীয় ক্ষতিসাধিত
হচ্ছে। লেখাপড়ার পরিবেশ রক্ষার্থে
ক্যাম্পটি অন্যত্র স্থানান্তর বা শাহাপুর বাজারস্থ
পোস্ট অফিস ভবনে স্থানান্তরের জন্য
এলাকার শিক্ষানুরাগী, অভিভাবক ও সচেতন
মহল উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাবী
জানিয়েছে।